

প্রথম থেকে তৃতীয় শ্রেণী পর্যন্ত পাঠ্য পুস্তকের মূল্য হ্রাস

বরিশাল, ৩১শে জুলাই (বাসস)।—শিক্ষাকে সার্বজনীন, গণতান্ত্রিক ও সহজলভ্য করার পদক্ষেপ হিসেবে আজ থেকে পাঠ্যপুস্তকের মূল্য প্রথম শ্রেণী হতে তৃতীয় শ্রেণী পর্যন্ত শতকরা ২৫ ভাগ হ্রাস করা হয়েছে। শিক্ষামন্ত্রী কাজী জাফর আজ এখানে একথা বলেন।

আজ বিকেলে আশ্বিনীকুমার টাউন হল প্রাসঙ্গে এক জনসভায় ভাষণদানকালে তিনি আরও বলেন যে: অন্তর্বর্তীকালীন শিক্ষানীতি তিন মাসের মধ্যেই ঘোষণা করা হবে।

দেশ থেকে নিরক্ষরতা দূরী-করণের প্রয়োজনীয়তার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করে শিক্ষামন্ত্রী বলেন যে নিরক্ষরতার অভিযান নির্মূলকরণে থানা থেকে ইউনিয়ন পর্যায় অবধি সমাজের সকল শ্রেণীর সমন্বয়ে কমিটি গঠন করা হবে। তিনি বলেন, গণমুখী শিক্ষার লক্ষ্য হলো স্বজনশীল ও দেগপ্রমিত কর্মীবাহিনী সৃষ্টি, যারা উৎপাদন প্রক্রিয়ায় আত্মনিয়োগ করবে।

তিনি শিক্ষকদের সমস্যা সমাধান শুধু শিক্ষা অঙ্গন থেকে দৃষ্ট

নির্মূলের প্রয়োজনীয়তার ওপরেও বক্তব্য রাখেন।

পরে বিকেলের দিকে এখানে চাঁদেরহাটের এক অনুষ্ঠানে ভাষণ-দানকালে মন্ত্রী বলেন, দেশের সকল শিশুর শিক্ষার সুযোগের ব্যবস্থা করতে হবে।